

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.৬০

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭

২৩ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: মহামান্য হাইকোর্টের বিভাগের রিট পিটিশন নং-৮২০১/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশ অনুযায়ী আবেদনটি বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুষ্টিয়া জেলার কুমারখালী উপজেলার পান্টি কলেজের (অধ্যক্ষ, ভারপ্রাপ্ত) জনাব মোঃ শাহজাহান আলী মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা বরাবর ২৪/০৯/২০২০ তারিখে জনাব আ.কা.ম বজলুল বায়েজীদ, (আই.সি.টি প্রভাষক), এর এম.পি.ও পূর্ববাহাল সংক্রান্ত বিষয়ে আবেদন করে ছিলেন। আবেদনের প্রেক্ষিতে কোন ব্যবস্থা গ্রহণ না করায় পান্টি কলেজের (আই.সি.টি প্রভাষক) জনাব আ.কা.ম বজলুল বায়েজীদ মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-৮২০১/২০২০ মামলা দায়ের করেন। এ মামলায় ১৯/০১/২০২১ তারিখে নিম্নরূপ অন্তর্বর্তীকালীন আদেশ প্রদান করেন;

“The respondent No.3 hereby directed to dispose of the letter dated 22.08.2020 issued by the Principle (in Charge) of the College concerned (Annexure-N) in accordance with law within a period of 4(four) weeks from the date of receipt of the copy of this order.”

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগ রিট পিটিশন নং-৮২০১/২০২০ মামলার অন্তর্বর্তীকালীন আদেশের প্রেক্ষিতে বাদীর ২২/০৮/২০২০ তারিখের আবেদনটি (Annexure-N) বিধি মোতাবেক নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে মহামান্য হাইকোর্টের বিভাগকে অবহিত করে এ বিভাগকে পরবর্তী ব্যবস্থা জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩-২-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব


মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৩.২১.৬০/১(৪)

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



২৩-২-২০২১

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব